

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৫.২০২১.১১৪

তারিখ: ২৯ চৈত্র ১৪২৮
১২ এপ্রিল ২০২২

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব রেজিয়া বেগম (১৬০২৮), সহকারি অধ্যাপক (রসায়ন), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত: চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম গত ০৫/০৩/২০২১ খ্রিষ্টাব্দ হতে ২২/০৮/২০২১ খ্রি. পর্যন্ত ০৫ (পাঁচ) মাস ১৮ (আঠার) দিন বিনা বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) ও ৩(গ) বিধি অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করা হয় এবং ১০/০৪/২০২২ খ্রিষ্টাব্দে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং শুনানিনান্তে বিদেশে তাঁর স্বামীর অসুস্থতা হেতু কোভিড পরিস্থিতির কারণে তিনি যথাসময়ে দেশে ফিরতে পারেননি মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব রেজিয়া বেগম (১৬০২৮), সহকারি অধ্যাপক (রসায়ন), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত: চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম এর গত ০৫/০৩/২০২১ খ্রি. হতে ২২/০৮/২০২১ খ্রি. পর্যন্ত ০৫ (পাঁচ) মাস ১৮ (আঠার) দিন অননুমোদিত ছুটিকে অর্ধগড় বেতনে ছুটি হিসেবে মঞ্জুর করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
তারিখ: ১২/০৪/২০২২
(মোঃ আবু বকর ছিদ্দীক)
সচিব
২৯ চৈত্র ১৪২৮
১২ এপ্রিল ২০২২

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৫.২০২১.১১৪/২(৬)

তারিখ:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব রেজিয়া বেগম এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৬। জনাব রেজিয়া বেগম (১৬০২৮), সহকারি অধ্যাপক (রসায়ন), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত: চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।

(মোহাম্মদ আবু নাসের বেগ)
উপসচিব
ফোন: ২২২৩৩৫৪২৬৫